গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০০৪.২০১৭-৭১০

তারিখঃ .১১.১৪২৩ বঙ্গাব্দ
০২.০৩.২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, ডাঃ মোঃ জসিম উদ্দিন (৪৩৯০৬), সহকারী অধ্যাপক (চঃদাঃ), গ্যাস্ট্রোএন্টারোলজি, শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল গত ০১.০১.২০১০খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ৩১.১২.২০১৪খ্রিঃ তারিখে তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিতিকাল (অনুমোদিত এবং অনুমোদনবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ০৫(পাঁচ) বছরের অধিক সময় অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ মোঃ জসিম উদ্দিন (৪৩৯০৬), সহকারী অধ্যাপক (চঃদাঃ), গ্যাস্ট্রোএন্টারোলজি, শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০১.০১.২০১৫খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

২৭/২/১৭
(মোঃ সিরাজুল ইসলাম)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৪.২০১৬-৭১০/১(১৩)

তারিখঃ ০২.০৩.২০১৭খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
৩। অধ্যক্ষ, শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বরিশাল।
৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৮। সহকারী সচিব (পার-৫), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। ডাঃ মোঃ জসিম উদ্দিন (৪৩৯০৬), সহকারী অধ্যাপক (চঃদাঃ), গ্যাস্ট্রোএন্টারোলজি, শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল (স্থায়ী ঠিকানাঃ- পিতা-মোঃ আনোয়ারুল ইসলাম, গ্রাম-হাইলধর, ডাকঘর-হাইলধর, থানা-আনোয়ারা, জেলা-চট্টগ্রাম)।

০২/০৩/২০১৭
(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

\\192.168.0.54\Full Share\New folder\Order (NI)\BSR-34 order.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১২.২০১৭- ১১৪ তারিখঃ ০৭.০৩.২০১৭খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ রেজওয়ান আলম (১৩০২৬২), সহকারী সার্জন, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত-উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রায়গঞ্জ, সিরাজগঞ্জ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ৩১.০১.২০১৭ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০১২.২০১৭-৬৯নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২৮.০২.২০১৭খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ মোঃ রেজওয়ান আলম (১৩০২৬২) অসুস্থতার কারণে ০৩(তিন) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেছিলেন। পরবর্তীতে শারীরিক অসুস্থতা এবং পারিবারিক কারণে তিনি যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হতে পারেননি। তিনি গত ০১.০৯.২০১৬ তারিখে কর্মস্থলে যোগদান করে বর্তমানে কর্তৃপক্ষের সন্তুষ্টির সাথে তার উপর অর্পিত সরকারি দায়িত্ব পালন করছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ রেজওয়ান আলম (১৩০২৬২), সহকারী সার্জন, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত-উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রায়গঞ্জ, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক তাঁকে ভবিষ্যতের জন্য সতর্ক করে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তার ২৭.০৩.২০১৬খ্রিঃ তারিখ হতে ৩১.০৮.২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।

০৭/০৩/১৭
(সরদার আবুল কালাম)
অতিরিক্ত সচিব

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১২.২০১৭- ১১৪/১(৯) তারিখঃ ০৮.০৩.২০১৭খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। সিভিল সার্জন, সিরাজগঞ্জ।
৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। ডাঃ এস এ নুরুল হুদা (৩৬৩৯৬), সহকারী পরিচালক, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী।

০৮/০৩/২০১৭
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

\\192.168.0.54\Full Share\New folder\Order (NI)\Realease from Charge.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৭- ১৯৫ তারিখঃ ০৫.০৩.২০১৭খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাঃ মোঃ ইফতেখার-উল হক খান (১১১০১৭), জুনিয়র কনসালটেন্ট (শিশু), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুজানগর, পাবনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মোঃ ইফতেখার-উল হক খান (১১১০১৭), জুনিয়র কনসালটেন্ট (শিশু), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুজানগর, পাবনা গত ১৬.০৪.২০১৫খ্রিঃ তারিখ হতে ১৪.০১.২০১৭ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দন্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(সরদার আবুল কালাম)
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ ইফতেখার-উল হক খান (১১১০১৭)
জুনিয়র কনসালটেন্ট (শিশু)
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুজানগর, পাবনা।
(স্থায়ী ঠিকানাঃ- ৪, সেগুনবাগিচা, ঢাকা-১২১৭)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৭- ১৯৫/১(৬) তারিখঃ ০৫.০৩.২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
৩। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সিভিল সার্জন, পাবনা।
৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুজানগর, পাবনা।

(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

<u>অভিযোগ বিবরণী</u>

আপনি ডাঃ মোঃ ইফতেখার-উল হক খান (১১১০১৭), জুনিয়র কনসালটেন্ট (শিশু), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, সংযুক্ত- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সুজানগর, পাবনা গত ১৬.০৪.২০১৫খ্রিঃ তারিখ হতে ১৪.০১.২০১৭ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। আপনার উপরিল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

০২/০৩/১৭

(সরদার আবুল কালাম)
অতিরিক্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৫.২০১৬-১১৭ তারিখঃ ০৫.০৩.২০১৭খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ ফাহিমা নাহিদ (৩৯২৫৮), সহকারী অধ্যাপক (চক্ষু), ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতাল, ফরিদপুর গত ২৮.১০.২০১২খ্রিঃ তারিখ হতে ২৪.১০.২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায়, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ০১.১২.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৫.২০১৬-৮৬৫নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

০৫/০৩/১৭
(সরদার আবুল কালাম)
অতিরিক্ত সচিব

ডাঃ ফাহিমা নাহিদ (৩৯২৫৮)
সহকারী অধ্যাপক (চক্ষু)
ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতাল, ফরিদপুর।
(স্থায়ী ঠিকানাঃ- গ্রাম-কোকরহাট, ডাকঘর-বলড়া, থানা-হরিরামপুর, জেলা-মানিকগঞ্জ)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৫.২০১৬-১১৭/১(৫) তারিখঃ ০৫.০৩.২০১৭খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। যুগ্মসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
৪। অধ্যক্ষ, ফরিদপুর মেডিকেল কলেজ, ফরিদপুর।
৫। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
~~৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।~~

০৫/০৩/২০১৭
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
sasdisc1@mohfw.gov.bd

\\192.168.0.54\Full Share\New folder\Showcause\2nd showcase.doc